গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.১০৯.১৪.০১৩.১৭.২৫

তারিখ: ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় তালিকাভূক্ত ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরনো স্থাপনা/গাছপালা অপসারণসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে সাইট বুঝিয়ে দেয়া সংক্রান্ত**

সূত্র: মাউশি/স.মা.বি.উ.প্র/ইইডির সাথে যোগাযোগ/৬৫/২০২৪/৩৪০৮ ২০ জানুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের আওতাধীন ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে (১. সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট, ২. সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ, ৩. রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী, ৪. ময়মনসিংহ জেলা স্কুল, ময়মনসিংহ, ৫. শেরপুর ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর, ৬. নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা, ৭. চকরিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কক্সবাজার, ৮. হরচন্দ্র সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি, ৯. সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী, ১০. নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর) নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটে পুরাতন স্থাপনা/ব্যবহার অনুপযোগী ভবন/গাছপালা রয়েছে সেগুলো অপসারণের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় এবং প্রকল্প কার্যালয় হতে বারংবার অনুরোধ করা সত্ত্বেও উল্লেখিত প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে আশানুরুপ সহযোগীতা পাওয়া যাচ্ছেনা মর্মে প্রকল্প কার্যালয় থেকে জানানো হয়েছে। যার ফলে সরকার কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের নির্মাণ কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে।

০২। এ প্রেক্ষিতে বর্ণিত ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে সরকারি প্রকল্প বাস্তবায়নে সহযোগীতা না করার জন্য সতর্ক করা হলো। একইসাথে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরাতন স্থাপনা/ব্যবহার অনুপযোগী ভবন/গাছপালা অপসারণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধানগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, আলোচ্য ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে যে সকল প্রতিষ্ঠান প্রধানগণ নির্ধারিত সময়ের মধ্যে নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরাতন স্থাপনা/ব্যবহার অনুপযোগী ভবন/গাছপালা অপসারণসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে সাইট বুঝিয়ে দিতে ব্যর্থ হবেন, সেসকল প্রতিষ্ঠানের নির্মাণ কাজ বাতিল করাসহ তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। বিষয়টি অতীব জরুরি।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) মাউশি/স.মা.বি.উ.প্র/ইইডির সাথে যোগাযোগ/৬৫/২০২৪/৩৪০৮ - নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরনো স্থাপনা/গাছপালা অপসারণে কতিপয় বিদ্যালয় কর্তৃপক্ষের আশানুরুপ সহযোগিতা না পাওয়া সংক্রান্ত

২৬-০১-২০২৫
প্রফেসর ড. এ.কিউ.এম শফিউল আজম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান শিক্ষক, সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট।
২। প্রধান শিক্ষক, সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ।
৩। প্রধান শিক্ষক, রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী।
৪। প্রধান শিক্ষক, ময়মনসিংহ জেলা স্কুল, ময়মনসিংহ।
৫। প্রধান শিক্ষক, শেরপুর ভিক্টোরিয়া একাডেমী, শেরপুর।
৬। প্রধান শিক্ষক, নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা।
৭। প্রধান শিক্ষক, চকরিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কক্সবাজার।
৮। প্রধান শিক্ষক, হরচন্দ্র সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি।
৯। প্রধান শিক্ষক, সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী।
১০। প্রধান শিক্ষক, নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.১০৯.১৪.০১৩.১৭.২৫/১ (৭)

তারিখ: ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪। প্রকল্প পরিচালক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৫। উপপরিচালক, অঞ্চল (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর উপআঞ্চলিক কার্যালয় (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) [সংশ্লিষ্ট বিদ্যালয়ের নির্মাণ ও পূর্ত কাজে পুরাতন ভবন/গাছপালা অপসারণ করাসহ সাইট বুঝিয়ে দেয়ার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার অনুরোধসহ]।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সংরক্ষণ নথি, ।

২৬-০১-২০২৫
প্রফেসর ড. এ.কিউ.এম শফিউল আজম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা
E-mail: gssdp323@gmail.com

স্মারক নং- মাউশি /স.মা.বি.উ.প্র / ইইডির সাথে যোগাযোগ / ৬৫/২০২৪/ ৩৪০৬

তারিখঃ ২০/০১/২০২৫ খ্রি.

বিষয়ঃ নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরনো স্থাপনা/গাছপালা অপসারণে কতিপয় বিদ্যালয় কর্তৃপক্ষের আশানরুপ সহযোগিতা না পাওয়া প্রসঙ্গে।

সূত্রঃ এডিপি মিটিং এর কার্যবিবরণী স্মারক নং ৩৭.০২.০০০০.১০৯.০৬.০৮০.১৬.৫২১ (১); তারিখঃ ২৪/১২/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের বিভিন্ন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নতুন একাডেমিক ভবন নির্মাণের সংস্থান রয়েছে। কিছু কিছু প্রতিষ্ঠানে নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটে পুরাতন স্থাপনা /ব্যবহার অনুপযোগী ভবন/গাছপালা রয়েছে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় এবং প্রকল্প কার্যালয় হতে বার বার অনুরোধ করা সত্ত্বেও কোন কোন প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে আশানরুপ সহযোগীতা পাওয়া যাচ্ছেনা। এছাড়া কিছু কিছু ক্ষেত্রে পুরাতন স্থাপনা /ব্যবহার অনুপযোগী ভবন/গাছপালা অপসারণ কার্যক্রমের ধীরগতি পরিলক্ষিত হচ্ছে, যা কাম্য নয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, বিগত ২৪/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত এডিপি সভায় নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরনো স্থাপনা/গাছপালা অপসারণ কার্যক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য জোরালোভাবে নির্দেশনা দেওয়া হয়েছে।

এমতাবস্থায়, নতুন একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাবিত সাইটের পুরনো স্থাপনা/ গাছপালা অপসারণে যে সকল প্রতিষ্ঠানে সহযোগিতার অভাব প্রতীয়মান হচ্ছে এবং যে সকল প্রতিষ্ঠানে নির্মাণ কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে সেসব প্রতিষ্ঠানের নাম সংযুক্ত তালিকা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

20/01/2025

(প্রফেসর এ, এস, এম, এমদাদুল কবীর)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০৫০১৬১

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
[দৃ.আ. সহকারী পরিচালক (পরিঃ ও উন্নঃ)]

সদয় জ্ঞাতার্থেঃ
১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা;
৪। নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা;
৫। অফিস কপি।

সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন ( ১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতাধীন যে সকল বিদ্যালয়ে নির্মাণ ও পূর্ত কাজে পুরাতন ভবন/ গাছের অপসারণ কার্যক্রমে সহযোগিতার অভাব/ ধীরগতি রয়েছে সে সকল প্রতিষ্ঠানের তালিকাঃ

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | জেলা | ভবনের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় | সিলেট | একাডেমিক ভবন | ইইডি কে সাইট বুঝিয়ে দেওয়ার ক্ষেত্রে অসহযোগিতার অভাব পরিলক্ষিত হচ্ছে। |
| ২ | সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয় | সুনামগঞ্জ | একাডেমিক ভবন | ভবন ও গাছ অপসারণ কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৩ | রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয় | রাজবাড়ী | একাডেমিক ভবন | ভবন ও গাছের নিলাম কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৪ | ময়মনসিংহ জেলা স্কুল | ময়মনসিংহ | একাডেমিক ভবন | গাছের নিলাম কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৫ | শেরপুর ভিক্টোরিয়া একাডেমি | শেরপুর | একাডেমিক ভবন | ইইডি কে সাইট বুঝিয়ে দেওয়ার ক্ষেত্রে অসহযোগিতার অভাব পরিলক্ষিত হচ্ছে। |
| ৬ | নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | নেত্রকোনা | একাডেমিক ভবন | গাছের নিলাম কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৭ | চকরিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | কক্সবাজার | একাডেমিক ভবন | ভবন অপসারণ কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৮ | হরচন্দ্র সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ঝালকাঠি | একাডেমিক ভবন | ভবন অপসারণ কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ৯ | সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয় | রাজশাহী | একাডেমিক ভবন | গাছের নিলাম কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |
| ১০ | নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | নাটোর | একাডেমিক ভবন | ভবন অপসারণ কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। |

২৩/০৪/২০২৫